

ক্রিঃ ... 29 JUN 2003...  
 পৃঃ ... ১ ... কলাম ... ৩ ...

## বই কেনায় দুর্নীতি

ইনকিলাব রিপোর্ট : প্রাথমিক ও প্রাথমিক বিজ্ঞানের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রকল্পের অধীনে ৫ কোটি টাকার বই কেনার ক্ষেত্রে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। বিগত আওয়ামী শীল সরকারের আমলে সংঘটিত ক্ষমতার অপব্যবহার,

অনিয়ম ও দুর্নীতি সংক্রান্ত খেতপত্রে কাগজ তালিকাভুক্ত প্রকাশকদের বই অন্তর্ভুক্ত করে গোপন লেনদেনের মাধ্যমে এখারের এই বই সংগ্রহের আয়োজন চলছে বলে জানা গেছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জাতীয় প্রাথমিক শিক্ষা

২-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

### বই কেনা - প্রথম পৃষ্ঠার পর

একাডেমী, ৫০টি প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউট, ৪৮১টি থানা মডেল স্কুল এবং নির্ধারিত প্রাথমিক স্কুলের প্রয়োজনের জন্য সর্বমোট ৫ কোটি টাকার ফেনস বই কেনা হচ্ছে তার অধিকাংশই আওয়ামীপন্থী লেখক ও প্রকাশকদের। অথচ জাতীয়তাবাদী ধারার অনেক বিখ্যাত লেখকের বইই সুকৌশলে তালিকাভুক্ত করা হয়নি। এখারের এই বইয়ের তালিকায় জাতীয় শতাধিক পাইরেটেড বই ও একই প্রকাশকের বই বিভিন্ন নামে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর পেছনে সংশ্লিষ্ট মহুগালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও এনসিটির কতিপয় কর্তৃকতার সাথে কিছু চিহ্নিত প্রকাশকের বড় অংকের লেনদেনসহ নির্বাচক কমিটির কয়েকজন সদস্যের বই দুর্নীতির খেতপত্রে কাগজ তালিকাভুক্ত ও প্রকাশকরা ছেপে বের করে নিয়েছেন বলে জানা গেছে। বইয়ের তালিকাভেই এর প্রমাণ রয়েছে। কিন্তু বই নির্বাচনের সাথে জড়িত প্রভাবশালী কর্তৃপক্ষ সব ক্ষেত্রেই বিষয়টি এড়িয়ে যাচ্ছেন।

উল্লেখ্য, তালিকায় একই প্রকাশকের একাধিক বই গেলে বিত্তর সৃষ্টি হতে পারে মনে করে বাংলাদেশের উক্ত প্রকাশকরা মাত্র ৫/৬শ' টাকার বিনিময়ে একই হোডিং নথরে একই মালিকানাধ একাধিক ছায়া প্রকাশনীর নাম ব্যবহার করে, আবার কখনো বাসার ঠিকানায় বা প্রেসের ঠিকানায়, আত্মীয়-স্বজনের ঠিকানায়, নিজেদের ক্রী, ছেলে-মেয়ে ও নিকটাত্মীয় কিংবা কর্মচারীর নামে পুস্তক প্রকাশনার ভূয়া ট্রেড পাইসেপ বের করে একই বইয়ের বিভিন্ন নাম নিয়ে সরকারী প্রতিষ্ঠানগুলোর কাছে বিক্রির এই প্রতারণা নির্বাহন ব্যবং করে আসছে। এখারের প্রাইমারী বিজ্ঞানের বই সংগ্রহ প্রকল্পে এটা হয়েছে সর্বাধিক। বিষয়টি বাংলাদেশের সকল প্রকাশকেরই জানা। কিন্তু অধিকাংশই এর সাথে জড়িত বলে কেউ দূব পূর্ণতে চায় না। তবে সৃষ্ট ভয়ঙ্কর হলে খলের বিড়াল বেরিয়ে আসবে।